


স্মারক নং-৪১.০০.০০০০.০৩৩.০২.০১১.১৪.৪২৫

২৮ পৌষ ১৪২৪  
১১ জানুয়ারি ২০১৮

বিষয় : মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।  
সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৬ ডিসেম্বর -২০১৭ তারিখের ০৪.০০.০০০০.০১৩.০৬.০০১.১৭.১৪২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ জানুয়ারি-২০১৮ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের প্রশাসন-৩ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০৩(তিন) পাতা

  
জি.এম. আকবার হোসেন  
উপসচিব (প্রশাসন-৩ শাখা)  
ফোন ৯৫১৫৫৩৪  
E-mail: parliament\_mosw@yahoo.com

বিতরণ:

১. অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধী) সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব(আইন ও সংস্থা অধিশাখা) সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারি সচিব (প্রশাসন-১) সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪/০৩/১৬

মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন সমন্বয় অধিশাখা  
মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি  
পর্যালোচনা সভার কার্যবিবরণী

মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা ও রিপোর্ট) মোঃ মোস্তাফিজুর রহমান-এর সভাপতিত্বে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সভা ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ বেলা ৩:৩০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট ক'-তে সন্নিবেশিত হয়েছে।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। অতঃপর সমাজকল্যাণ মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন মন্ত্রিসভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতির বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) মসবৈ-০৭(০৩)/২০০৪, তারিখ: ০১-০৩-২০০৪।

বিষয়ঃ স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের জন্য বলবৎ ৪টি আইন সমন্বয়ে প্রস্তুতকৃত খসড়া সমন্বিত আইন পরীক্ষা করিয়া সুপারিশ প্রণয়নের লক্ষ্যে গঠিত মন্ত্রিসভা কমিটির সুপারিশ অনুমোদন।

**মন্ত্রিসভার সিদ্ধান্তঃ**

১১। (ক) স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের জন্য বলবৎ ৪টি আইন সমন্বয়ে প্রস্তুতকৃত সমন্বিত আইনের খসড়া পরীক্ষা করিয়া মন্ত্রিসভা কমিটির সুপারিশসমূহ নিম্নরূপ অনুমোদন করা হইলঃ

(১) ৪টি আইন সমন্বিত করিয়া একক আইন প্রণয়নের পরিবর্তে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্তৃপক্ষের অধীনে ৪টি আইনকে ৩টি আলাদা আলাদা আইন হিসাবে রূপান্তর করা;

(৩) আলাদা আইন হিসাবে রাখিয়া স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ কে যুগোপযোগী করা;

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সুপারিশসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

**বাস্তবায়ন অগ্রগতি**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে 'স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৭' গত ২৪ জুলাই ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করা হয়। উক্ত কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১১ অক্টোবর ২০১৭ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করে আইনটির খসড়ার ওপর মতামত আহ্বান করা হয়েছে। মতামত প্রাপ্তির পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়  
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

১। উপসচিব (প্র-১)	২। উপসচিব (প্র-২)
৩। উপসচিব (প্র-৩)	৪। উপসচিব (প্র-৪)
৫। উপসচিব (প্র-৬)	৬। উপসচিব (প্র-৭)
৭। ব্যক্তিগত কর্মকর্তা	

অতিরিক্ত সচিব

### সিদ্ধান্ত

সমাজকল্যাণ মন্ত্রণালয় আগামী এক মাসের মধ্যে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন এবং স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৭'-এর খসড়া নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করবে।

(২) মসবৈ-০৭(০২)/২০১৫, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০১৫

**বিষয়-৩:** উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers for Development Projects) এবং অনুন্নয়ন বাজেটের আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও পুনঃঅর্পণ (Sub-Delegation) সংক্রান্ত সংশ্লিষ্ট পরিপত্রসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন।

### **মন্ত্রিসভার সিদ্ধান্ত:**

১২.৪। সকল মন্ত্রণালয়/বিভাগ ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

### বাস্তবায়ন অগ্রগতি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে ই-টেন্ডারিং পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় ইতোমধ্যে e-GP-তে অন্তর্ভুক্ত হয়েছে। ই-টেন্ডারিং পদ্ধতিতে কাজ করার নিমিত্ত সমাজকল্যাণ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থাসমূহ থেকে মোট ২১জন কর্মকর্তা/কর্মচারীকে ই-টেন্ডারিংয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির পর সমাজকল্যাণ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহে ই-টেন্ডারিংয়ের সফল বাস্তবায়ন ত্বরান্বিত হবে।

### সিদ্ধান্ত

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ই-টেন্ডারিং-এর মাধ্যমে ক্রয়কার্য সম্পন্ন হলে অথবা সম্পন্ন করার যাবতীয় প্রস্তুতি গৃহীত হলে উক্ত মন্ত্রণালয় একটি সুনির্দিষ্ট প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। মন্ত্রিপরিষদ বিভাগ তৎপরপ্রেক্ষিতে সিদ্ধান্তটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বাস্তবায়িত গণ্য করার কার্যক্রম গ্রহণ করবে।

(৩) মসবৈ-৩৮(১১)/২০১৬, তারিখ: ২৪ নভেম্বর ২০১৬

**বিবিধ বিষয়-২:** প্রতিবন্ধী বিষয়ে আলোচনা।

### **মন্ত্রিসভার সিদ্ধান্ত:**

১০.২। সমাজকল্যাণ মন্ত্রণালয় পিতা-মাতা কিংবা অভিভাবকের মৃত্যুর পর প্রতিবন্ধীদের পুনর্বাসনের জন্য করণীয় নির্ধারণ এবং অটিজম ও প্রতিবন্ধী কল্যাণ-সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম নিবিড় পরিবীক্ষণ করিবার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

### বাস্তবায়ন অগ্রগতি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩'-এর ২৩ ধারা মোতাবেক পিতা-মাতা কিংবা অভিভাবকের মৃত্যুর পর জেলা কমিটি প্রতিবন্ধী ব্যক্তির যত্ন-পরিচর্যা, সম্পত্তি রক্ষণাবেক্ষণ এবং লালন-পালনের জন্য নতুন অভিভাবক নিয়োগ করতে পারিবে। কোনো অভিভাবক পাওয়া না গেলে প্রতিবন্ধী ব্যক্তির দায় দায়িত্ব সরকার গ্রহণ করবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করা হবে। 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩'-এর ধারা ২২ এর (৫) উপ-ধারা মোতাবেক গঠিত ট্রাস্টি বোর্ড আর্থিক সহায়তা প্রাপ্ত নিবন্ধিত সংগঠনকে নথিপত্র, দলিল দস্তাবেজ, প্রকাশনা বা কর্মসূচি উপস্থাপন করতে নির্দেশ দিতে পারবে। এ ছাড়া, প্রতিবছর নিবন্ধিত সংগঠনকে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানসহ তার বার্ষিক আয়-ব্যয়ের হিসাববিবরণী বোর্ডের নিকট দাখিল করতে হবে।

### সিদ্ধান্ত

সমাজকল্যাণ মন্ত্রণালয় মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করবে এবং এ-বিষয়ে কী কী কার্যক্রম ইতোমধ্যে গৃহীত হয়েছে সে বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

(৪) মসবৈ-০৬(০২)/২০১৭, তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়-৪: 'শিশু (সংশোধন) আইন, ২০১৭'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন।

### মন্ত্রিসভার সিদ্ধান্ত:

১৭। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'শিশু (সংশোধন) আইন, ২০১৭'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল।

### বাস্তবায়ন অগ্রগতি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে মন্ত্রিসভা-বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত 'শিশু (সংশোধন) আইন, ২০১৭'-এর খসড়া মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ভেটিংয়ের জন্য ০৭ মে ২০১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

### সিদ্ধান্ত:

সমাজকল্যাণ মন্ত্রণালয় 'শিশু (সংশোধন) আইন, ২০১৭'-এর ভেটিং কার্যক্রম সম্পন্ন করণে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষা করবে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য জানুয়ারি ২০১৮ এর মধ্যে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করবে।

(৫) মসবৈ-৩০(১০)/২০১৭, তারিখ: ২৩ অক্টোবর ২০১৭

বিষয়-১: মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বৎসরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন।

মন্ত্রিসভার সিদ্ধান্ত:

৯.৩। মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রতিবেদনের সংশ্লিষ্ট অংশ পর্যালোচনা করিয়া তথ্য-উপাত্ত সংযোজন/সংশোধনের কোনো প্রস্তাব থাকিলে তাহা আগামী সাত দিন অর্থাৎ ৩০ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

বাস্তবায়ন অগ্রগতি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে উক্ত মন্ত্রণালয়ে বার্ষিক প্রতিবেদনে সংযোজন/সংশোধনের মতো কোনো প্রস্তাব নেই। এমতাবস্থায় উক্ত সিদ্ধান্তটি তাদের মন্ত্রণালয়ের অনুকূলে বাস্তবায়িত গণ্য করার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি অনুরোধ জানান।

সিদ্ধান্ত:

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত উল্লিখিত সিদ্ধান্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বাস্তবায়িত গণ্য হলো।

(৬) মসবৈ-৩১(১০)/২০১৭, তারিখ: ৩০ অক্টোবর ২০১৭

বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৭ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন।

সিদ্ধান্ত:

১০.২। কার্যবিধিমালায় বিধি ১৪ক-এর দফা (৩) অনুযায়ী কোনো গুরুত্বপূর্ণ চুক্তি, আন্তর্জাতিক সমঝোতা স্মারক এবং আন্তর্জাতিক আইন সংশোধনকারী আন্তর্জাতিক কনভেনশনের ঘোষণা প্রস্তুতকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে পরামর্শ করিবেন।

বাস্তবায়ন অগ্রগতি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে সিদ্ধান্তটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিধির সাথে সম্পর্কিত না হলেও সিদ্ধান্তের নির্দেশনা ভবিষ্যতে যথাযথভাবে অনুসরণ করা হবে।

সিদ্ধান্ত:

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত উল্লিখিত সিদ্ধান্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বাস্তবায়িত গণ্য হলো।

7

(৭) মসবৈ-৩১(১০)/২০১৭, তারিখ: ৩০ অক্টোবর ২০১৭

বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৭ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন।

**মন্ত্রিসভার সিদ্ধান্ত:**

১০.৩। কার্যবিধিমালায় বিধি ১৬-এর দফা (১১) অনুযায়ী কোনো বিদেশি রাষ্ট্রের সঙ্গে চুক্তি ও সমঝোতা স্মারক প্রণয়ন, আলাপ-আলোচনা এবং বিদেশে বাংলাদেশের দূতাবাস খোলা বা বন্ধকরণ সম্পর্কে বিদেশের সঙ্গে আলাপ-আলোচনা সংক্রান্ত বিষয়াবলি মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ মন্ত্রিসভায় উপস্থাপন করিবেন।


**বাস্তবায়ন অগ্রগতি**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে নির্দেশনাটি যথাযথভাবে অনুসরণ করা হবে।

**সিদ্ধান্ত:**

মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত উল্লিখিত সিদ্ধান্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে বাস্তবায়িত গণ্য হলো।


০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
অতিরিক্ত সচিব মন্ত্রিসভা ও রিপোর্ট  
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর : ০৪.০০.০০০০.৩১৩.০৬.০০১.১৭. ৩৪২

তারিখ: ১২ পৌষ ১৪২৪  
২৫ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

  
রিয়াসাত আল ওয়াসিফ  
উপসচিব

ফোন: ৯৫৫০৯৭৪

Email: implement-2\_sec@cabinet.gov.bd

সচিব

সমাজকল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নম্বর : ০৪.০০.০০০০.৩১৩.০৬.০০১.১৭. ৩৪২

তারিখ: ২২ পৌষ ১৪২৪  
২৫ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। উপসচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩। অফিস কপি/মাস্টার কপি

রিয়াসাত আল ওয়াসিফ  
উপসচিব  
ফোন: ৯৫৫০৯৭৪

‘পরিশিষ্ট-ক’

১৪ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা  
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রম	নাম, পদবি, মন্ত্রণালয়/বিভাগ
১	জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২	জি.এম. আককাচ হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩	মোছাঃ মোর্শেদা ফেরদৌস, উপসচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ